

প্রযুক্তির নাম : আলুর তাপ সহনশীল ও নাবীক্ষসা রোগ প্রতিরোধী জাতের ক্লোরোপ্লাস্ট জেনোম সিকুয়েন্সিং ও সিকুয়েন্স ডাটা এনসিবিআই (National Centre for Biotechnological Information) এর নিবন্ধন গ্রহণ।

প্রযুক্তির ছবি :

বিস্তারিত বিবরণ :

জলবায়ু পরিবর্তনের কারণে ফসল উৎপাদন হ্রাসের সম্মুখীন। এর ফলে সৃষ্টি হচ্ছে নানাবিধ Biotic and abiotic Stresses। উক্ত পরিস্থিতি মোকাবেলা করতে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র তাপ, লবনাক্ত সহিষ্ণু ও নাবীক্ষসা রোগ প্রতিরোধী আলুর জাত উদ্ভাবন করেছে।

ক্লোরোপ্লাস্ট জেনোম মাতৃ গুণাগুণ বাহক। উদ্ভিদ প্রজাতির Phylogenetic Relation Ship Study করতে এটি সর্বোত্তম পন্থা। ক্লোরোপ্লাস্ট ডিএনএ গোলাকার। জেনোম সাইজ ১২০-১৮০ কেবি। পক্ষান্তরে নিউক্লিয়ার ডিএনএ লিনিয়ার। টা জেনোম আকারে ৮.৪ এমবি। কাজেই ক্লোরোপ্লাস্ট জেনোম নিয়ে গবেষণা করে প্রকৃত ফলাফল নিয়ে বিশ্ব ক্লোরোপ্লাস্ট জেনোম নিয়ে গবেষণায় এগিয়ে যাচ্ছে। বারি উদ্ভাবিত বারি আলু-৪৬, ৫৩ ও ৭৭ নাবীক্ষসা রোগ প্রতিরোধী এবং বারি আলু-৭২ ও ৭৩ তাপ সহিষ্ণু। উক্ত জাতগুলোর ক্লোরোপ্লাস্ট ডিএনএ আইসোলেট করে জেনোম সিকুয়েন্স করা হয়েছে। পরবর্তীতে উক্ত সিকুয়েন্স ডাটা National Centre for Biotechnological Information (NCBI) তে জমা দিয়ে নিবন্ধন গ্রহণ করা হয়।

বৈশিষ্ট্যসমূহ:

বারি আলু-৪৬, ৫৩, ৭৭ (নাবীক্ষসা রোগ প্রতিরোধী) এবং বারি আলু-৭২ ও ৭৩ (তাপ সহনশীল) এর সিকুয়েন্স ডাটা NCBI তে জমা দিয়ে নিম্নরূপ নিবন্ধন নাম্বার পাওয়া যায় যা আগামী ডিসেম্বর ৩১, ২০২৪ এর পর বিশ্বব্যাপী গবেষকদের জন্য উন্মুক্ত হবে।

NCBI কর্তৃক প্রদত্ত নিবন্ধন নিম্নরূপ:

01.	BARI Alu-46	Banklt 2580767 ON 649731
02.	BARI Alu-53	Banklt 2600070 ON 931241
03.	BARI Alu-72	Banklt 2599879 ON 920845
04.	BARI Alu-73	Banklt 2595774 ON 920844
05.	BARI Alu-77	Banklt 2593326 ON 838212